অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রিড আধুনিকায়ন প্রকল্প বিকাশের জন্য 3.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

অবকাঠামোর নির্ভরশীলতা এবং সাশ্রয়ী পরিচ্ছন্ন শক্তি পাওয়ার সুযোগ অগ্রসর করবে এমন প্রস্তাবনার বিকাশ করার জন্য মিউনিসিপ্যাল বিদ্যুৎ ইউটিলিটি এবং গ্রামীণ সমবায়সমূহকে সমর্থন করবে

প্রকল্প বাস্তবায়ন করার জন্য আসন্ন 24 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের সুযোগ গ্রহণের জন্য সত্তাসমূহকে পরিকল্পনা করতে সাহায্য করে

2040 সালের মধ্যে শতভাগ নিঃসরণমুক্ত বিদ্যুতে স্থানান্তরিত হওয়ার জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে স্টেটের গ্রিড আধুনিকায়ন কর্মসূচির (Grid Modernization Program) মাধ্যমে বৈদ্যুতিক গ্রিড আধুনিকায়ন প্রকল্পের প্রস্তাবনা বিকাশকে সমর্থন করার জন্য 3.5 মিলিয়ন মার্কিন ডলার কারিগরি সহায়তা তহবিল এখন উপলভ্য আছে। তহবিলটি আগ্রহী মিউনিসিপ্যাল বিদ্যুৎ ইউটিলিটি এবং গ্রামীণ বিদ্যুৎ সমবায়কে এমন প্রস্তাবনা তৈরিতে সমর্থ করবে যা অবকাঠামোর নির্ভরশীলতা এবং সাশ্রয়ী পরিচ্ছন্ন শক্তি পাওয়ার সুযোগ অগ্রসর করবে। আজকের ঘোষণাটি 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুতে স্থানান্তরের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

"বাইডেন প্রশাসনের সমর্থন পেয়ে, আমরা আরো স্থিতিস্থাপক, আধুনিকায়িত এবং সংযুক্ত বৈদ্যুতিক গ্রিডকে অগ্রসর করছি," **গভর্নর হোকল বলেন,** "এই তহবিল স্টেটকে গ্রিড আধুনিকায়ন প্রকল্পের জন্য সেরা পন্থাকে সনাক্ত করতে সাহায্য করবে যা নিউ ইয়র্কবাসীর জন্য সর্বদা সাশ্রয়ী ও নির্ভরযোগ্য শক্তি পাওয়ার সুযোগ নিশ্চিত করবে। "

আজকের ঘোষণাটি প্রাক বিকাশ ধাপের প্রতিনিধিত্ব করে যা গত ফল মৌসুমে নিউ ইয়র্ক স্টেটকে প্রদান করা, মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (U.S. Department of Energy, DOE) মাধ্যমে সম্ভব হওয়া আসন্ন 24 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের সুযোগের জন্য পরিকল্পনা করতে মিউনিসিপ্যাল বিদ্যুৎ ইউটিলিটি (municipal electric utilities, MUNIs) এবং গ্রামীণ সমবায়সমূহকে (cooperatives, COOPs) সাহায্য করবে। এই 24 মিলিয়ন মার্কিন ডলার এই

গ্রীষ্মকালে উপলভ্য হবে বলে আশা করা যাচ্ছে, এবং এটি দুই বছরের সময়কাল ধরে গ্রিড আধুনিকায়ন প্রকল্প বাছাই করার জন্য একটি প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধের প্রক্রিয়ার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) কর্তৃক পরিচালিত হবে।

নিউ ইয়র্ক স্টেটের MUNI এবং COOP সমূহ এখন **1 ডিসেম্বর, 2027** তারিখ **বিকাল 3:00টা পর্যন্ত**, প্রতি আবেদনকারীর জন্য এককালীন সর্বোচ্চ 200,000 মার্কিন ডলার পর্যন্ত কারিগরি সহায়তার জন্য আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এখানে আবেদন করতে পারবে। সম্ভাব্য প্রকল্পের মূল্যায়নের জন্য প্রয়োজনীয় কারিগরি বিশ্লেষণ, বাস্তবায়ন তহবিলের জন্য অনুদান সম্পর্কিত লেখালেখিতে সহায়তা, এবং প্রকল্পের সাফল্য মূল্যায়ন করার জন্য একটি মেট্রিক্স রিপোর্টিং সিস্টেম তৈরি সমর্থন করার জন্য এই সহায়তা ব্যবহার করা যাবে।

কারিগরি সহায়তা তহবিলের সুযোগ সম্পর্কে আরো জানতে আগ্রহীদের জন্য NYSERDA **12 এপ্রিল দুপুর 2:00টা থেকে বিকাল 3:00টা পর্যন্ত**, এখানে একটি তথ্যমূলক ওয়েবিনারের আয়োজন করবে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "মিউনিসিপ্যাল ইউটিলিটি এবং গ্রামীণ COOP সমূহকে তাদের সম্প্রদায়ের গড়ি অবকাঠামোর স্থিতিস্থাপকতার প্রয়োজনীয় উন্নয়ন ও হালনাগাদকরণের পরিকল্পনা করতে কারিগরি সহায়তার সমর্থন প্রদান করতে পেরে NYSERDA আনন্দিত। পূর্বেই এই সমর্থন প্রদান করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যে বিবেচনার জন্য জমাকৃত ভবিষ্যৎ প্রস্তাবনাসমূহ এমন প্রকল্পের প্রতিনিধিত্ব করবে যা একটি নিঃসরণমুক্ত বিদ্যুৎ গ্রিডে ন্যায্য স্থানান্তর কে অগ্রসর করবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শক্তি পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে।"

কারিগরি সহায়তার প্রয়োজন নেই এমন MUNI এবং COOP সমূহ ক্ষুদ্রতর বাস্তবায়ন প্রকল্পের প্রস্তাবনা পেশ করতে পারে যা অনুমিত সর্বোচ্চ অর্থের পরিমাণের কম হবে, যার মধ্যে আবেদনের অনুরোধে বিশদ বর্ণিত ফোকাস ক্ষেত্রে সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প থাকতে পারে, যা নিউ ইয়র্ক স্টেটের গ্রিড সিস্টেমের ধারণক্ষমতাকে বলীয়ান করবে এবং বর্তমান ও ভবিষ্যতের জলবায়ু ঝুঁকির জন্য সম্প্রদায়সমূহকে প্রস্তুত করবে।কারিগরি সেবার জন্য প্রয়োজনীয় সকল ঠিকাদারের ব্যবস্থা সরাসরি করা আবেদনকারীর জন্য আবশ্যিক হবে, যার মধ্যে প্রকৌশল, অর্থনীতি, এবং অনুদান আবেদন সেবা অন্তর্ভুক্ত হতে পারে। এই কর্মকাণ্ডের অংশ হিসেবে MUNI এবং COOP এর সাথে কাজ করা ঠিকাদারগণ যাতে কর্তৃপক্ষ এবং ফেডারেল ঠিকাদার মানদণ্ড পূরণ করে তা নিশ্চিত করার জন্য NYSERDA তাদের পর্যালোচনা করবে।

নিউ ইয়র্ক পাবলিক পাওয়ার অ্যাসোসিয়েশনের (New York Association of Public Power,NYAPP) প্রেসিডেন্ট ডেভিড লেদার্স বলেন, "আমাদের গ্রাহক, সদস্য, এবং বৃহত্তর সম্প্রদায়ে নিরাপদ, সাশ্রয়ী, এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ প্রদান করার আমাদের পাবলিক মিশনের জন্য আমাদের স্থানীয় বিতরণ অবকাঠামো বলীয়ান করা অতি গুরুত্বপূর্ণ।NYAPP ইউটিলিটি এবং সমবায়ের সদস্যরা দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) মাধ্যমে NYSERDA প্রদত্ত এই তহবিলের সুযোগের জন্য কৃতজ্ঞ যা পুরো নিউ ইয়র্ক স্টেটে

আমাদের পাবলিক পাওয়ারের বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিস্থাপকতা এবং নির্ভরযোগ্যতা বৃদ্ধি করতে অব্যাহত সিস্টেমে বিনিয়োগকে সমর্থন করবে।"

গ্রিড স্থিতিস্থাপক স্টেট ও ট্রাইবাল ফর্মুলা অনুদানের (Grid Resilience State and Tribal Formula Grants) সপ্তম কোহর্ট হিসেবে গত সেপ্টেম্বর মাসে সম্মিলিত মোট 125 মিলিয়ন মার্কিন ডলার অর্থপ্রাপ্ত নয়টি স্টেট এবং পাঁচটি ট্রাইবাল নেশনের মধ্যে নিউ ইয়র্ক একটি। আজকে উপলভ্য করা 3.5 মিলিয়ন মার্কিন ডলার হলো নিউ ইয়র্কের 15 শতাংশ ম্যাচিং অনুদানের অংশ, যা DOE কর্তৃক আবশ্যিক করা হয়েছে এবং আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative) উৎস থেকে পাওয়া গেছে। আরো জানার জন্য NYSERDA এর ওয়েবসাইট এবং গ্রিড ডিপ্লয়মেন্ট অফিসের (Grid Deployment Office) ওয়েবসাইট ভিজিট করুন।

জনসংখ্যার আকার, ভূমির ক্ষেত্রফল, বিঘ্ন সৃষ্টিকারী ঘটনার সম্ভাবনা ও তীব্রতা, এবং প্রশমন প্রয়াসে কোনো স্থানীয় এলাকার ঐতিহাসিক ব্যয়ের মতো নির্ণায়ককে অন্তর্ভুক্ত করা একটি সূত্রের ভিত্তিতে পাঁচ বছর সময়কাল ধরে স্টেট, টেরিটোরি, এবং আলাস্কা নেটিভ রিজিয়নাল কর্পোরেশন এবং আলাস্কা নেটিভ ভিলেজ কর্পোরেশনসহ ফেডারেলভাবে স্বীকৃত ইন্ডিয়ান ট্রাইবের মধ্যে দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে অর্থায়িত এবং DOE এর গ্রিড ডিপ্লয়মেন্ট অফিস কর্তৃক পরিচালিত গ্রিড স্থিতিস্থাপকতা স্টেট ও ট্রাইবাল ফর্মুলা অনুদানটি বিতরণ করা হবে। পরিচ্ছন্ন, সাশ্রয়ী, এবং নির্ভরযোগ্য শক্তি প্রদান করার ক্ষেত্রে সর্বাধিক সম্প্রদায়ের লাভ সৃষ্টি করবে এমন প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে।

এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন